



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৭তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

আজ (১৭/০৩/২০১৭, শুক্রবার, সকাল ৮টায়) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৭তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাঙালি জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানের ডিন, পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, শিক্ষক ও শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

এদিকে, বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাদ জুমা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়।